# ০৯ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৯ তম মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুল মান্নান খান<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া |
| তারিখ | : | ০৯/০৬/২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা ১১.৩০ মিনিট |
| সভাস্থল | : | Zoom Cloud Meeting |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

অদ্যকার সভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী ও সভাপতি উপজেলা মাসিক/উন্নয়ন সমন্বয় বিষয়ক কমিটি কুমারখালী, কুষ্টিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত ১৯ মে, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত ৩৮তম সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগীয় ও অন্যান্য কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ**<br>সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান ১৭/০৫/২২ খ্রি. তারিখের মধ্যে ১ম ডোজ ভ্যাকসিন গ্রহন করেছেন ২,৮৪,৪৯১ জন, ২য় ডোজ ভ্যাকসিন গ্রহন করেছেন ২৭১০৯৭ জন, এখন পর্যন্ত Covid-19 এর নমুনা সংগ্রহ করা হয়েছে ১৪১৬৭ এর মধ্যে পজেটিভ ৩০০৬ জন, মৃত্যু বরণ করেছেন ১১১ জন, এপ্রিল/২২ মাসে ১৬৩ জনের এক্স-রে করা হয়েছে। ৮৮ জনের ইসিজি ও ৮৭ জনের আলট্রাসনোগ্রাম করা হয়েছে। এছাড়াও এপ্রিল/২২ মাসে বহি: বিভাগে ৭৬৩৮ জন রোগীকে, জরুরি বিভাগে ১৯২৮ জন রোগীকে এবং আন্ত বিভাগে ১০৪৩ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। বেড অকুপেন্সী রেট ১৬৪%। এছাড়াও এপ্রিল/২২ মাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে ৯৫৬৬ জন রোগীকে এবং ২৮৬২৬ জন রোগীকে কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও এপ্রিল/২২ মাসে ২৯৯ জন গর্ভবতী মাকে টিটি টিকা, ১৭৩৩ জন সাধারন টিটি টিকা প্রদান করা হয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া। |
| ০২ | **কুমারখালী পৌরসভা**<br>সভায় প্যানেল মেয়র কুমারখালী পৌরসভা জানান পৌরসভার মূল এডিপি থেকে উপজেলা পরিষদ চত্বরে ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অভ্যন্তরে কোন ধরনের উন্নয়ন করা করা যায়না। তবে আগামী অর্থ বছরে রাজস্ব থেকে জরাজীর্ণ রাস্তাগুলো মেরামত করা হবে। এছাড়া উপজেলা পরিষদ চত্বরে জলাবদ্ধতা নিরসনসহ টোটাল পৌরসভাকে জলবদ্ধতা মুক্ত করার জন্য মাষ্টার প্ল্যান তৈরী করা হয়েছে। বৈদেশিক সাহায্য পুষ্ট প্রকল্পটি অনুমোদিত হলে জলাবদ্ধতা নিরসন করা সম্ভব হবে। সমবায় কর্মকর্তা বলেন পৌরসভার ময়লা আবর্জনা ঢাকা রোড়ের পাশেই জমা করা হচ্ছে। এতে পচা দুর্গন্ধের জন্য চলাচল করা অসম্ভব হয়ে পড়েছে। প্যানেল মেয়র বলেন ময়লা ফেলার তেমন কোন জায়গা এই মহুত্বে পৌরসভার নেই। তবে ময়লা যেখানেই জমা করা হোক | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আগামী অর্থ বছরের মধ্যেই উপজেলা পরিষদ চত্বরে জলবদ্ধতা সহ রাস্তা উন্নয়ন করার জন্য মেয়র কুমারখালী পৌরসভাকে অনুরোধ করা হয়। | মেয়র, কুমারখালী পৌরসভা, কুমারখালী, কুষ্টিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | সেখানেই দুর্গন্ধ হবে। চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন ময়লা ফেলার একটি নির্দিষ্ট জায়গা তৈরী করার জন্য মেয়র কুমারখালীকে অনুরোধ করেন। এছাড়াও প্যানেল মেয়র বলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তার খেয়াল খুশিমত অফিসে আসেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জনাব আব্দুর রশিদ এর নিকট টাকা না দিলে সকল প্রকার কাজ করা সম্ভব। | | |
| ০৩ | **মৎস্য বিভাগ**<br>সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান ইউনিয়ন মৎস্য চাষ সম্প্রসারন প্রকল্পের আওতায় দেশীয় মাছ চাষীদের জন্য তিন ধাপে গলদা, সিং মাছ চাষের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। |
| ০৪ | **প্রাণিসম্পদ বিভাগ**<br>সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান এপ্রিল/২২ মাসে ২,৭৭০ টি গবাদিপশু ও ১২,০৭০ টি হাঁসমুরগি চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ৩,৮৭২ টি গবাদিপশু ও ৬২,৪০০ টি হাঁসমুরগির টিকা প্রদান করা হয়েছে। গাভী ও বকনা ২,২০৮ টি কৃত্রিম প্রজনন করা হয়েছে। এছাড়া টিকাবীজ বিক্রয় বাবদ রাজস্ব আদায় হয়েছে- ১৫,১৫০/- টাকা, কৃত্রিম প্রজনন ফি- ৬৪,২৪০/- টাকা মোট রাজস্ব আদায় হয়েছে- ৮১,৩৯০/- টাকা। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী। |
| ০৫ | **কৃষি বিভাগ**<br>সভায় উপজেলা কৃষি কর্মকর্তা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আর্কষণ করে জানান অধিকাংশ ইউনিয়নে আশ্রয়ণ প্রকল্প তৈরী করা হচ্ছে। সেখানে চাষ যোগ্য ২ শতাংশ জমি থাকলে সবজি পল্ট করার জন্য প্রয়োজনীয় সার,বীজসহ অন্যান্য উপকরন সরবরাহ করা হবে। এরুপ জমি থাকলে তালিকা প্রদান করার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান এই বছর বর্ষা মৌসুমের প্রথম দিকেই উপজেলার প্রবেশ মুখে জলাবদ্ধতার কারনে সেবা গ্রহিতা ভোগান্তির স্বীকার হচ্ছেন। সেজন্য জলাবদ্ধতা দুর করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান জলাবদ্ধতা শিক্ষা অফিসের সম্মুখে হওয়ায় অফিসে আগত শিক্ষক শিক্ষিকাগণ দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন। জলাবদ্ধতা দ্রুত নিরসনের জন্য অনুরোধ করেন। এছাড়া কৃষি বিভাগের দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আশ্রয়ণ প্রকল্পের সামনে সবজি পল্ট করার জন্য চাষ যোগ্য ২ শতাংশ জমির তালিকা প্রদান করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল) কুমারখালী কুষ্টিয়া |
| ০৬ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ**<br>সভায় উপজেলা প্রকৌশলী কুমারখালী জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর ডিজিটাল এক্স-রে মেশিন ও উপজেলার সামনে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এর সুফল জনসাধারণ ভোগ করছেন। এছাড়া নন্দলালপুর ইউনিয়ন পরিষদে অবস্থিত ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এর কাজ ইতোমধ্যে শেষ করা হয়েছে। পান্টি বাজারের পাশে ডাকুয়া নদীর উপর নির্মাণাধীন ব্রীজটির ডাইভার্সন রাস্তাটি উন্নয়ন করা হয়েছে। গড়ের মাঠ ব্রীজ এর একটি গাডার ঢালাই করা হয়েছে। ১৫-২০ দিনের মধ্যে গাডার ঢালাই শেষ করা হবে। এডিপি প্রকল্পের কাজ শুরু করা | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থ বছরের এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত প্রকল্পের কাজ পরিদর্শন পূর্বক কাজের গুণগতমান নিশ্চিতের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) কুমারখালী, কুষ্টিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রকল্প পরিদর্শন পূর্বক প্রকল্পের তদারকি ও কাজের গুণগতমান সঠিক হচ্ছে কিনা তা যাচাই করার জন্য অনুরোধ করেন। রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল এর ১৩ টি প্যাকেজের ২৬/০৫/২২ খ্রি. তারিখে ঠিকাদার নির্বাচন করা হবে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৭ | **আইন শৃঙ্খলা**<br>সভায় অফিসার ইনচার্জ কুমারখালী থানা বলেন উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি জানান বাল্য বিবাহ প্রতিরোধ করার জন্য জনপ্রতিনিধিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। বাল্য বিবাহ সংঘটিত হওয়ার পূর্বেই বিভিন্ন ধরনের অনুষ্ঠানিকতা পালন করা হয়। সেই সময় অবশ্যই তৃণমূল পর্যায়ের জনপ্রতিনিরা অবহিত হন। অবহিত হওয়া মহুর্তেই আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করলে বাল্য বিবাহ প্রতিরোধ করা সম্ভব হবে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বাল্য বিবাহ প্রতিরোধে তৃণমূল পর্যায়ের জনপ্রতিনিধিরা সার্বক্ষনিক আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিসার ইনচার্জ কুমারখালী থানা । |
| ০৮ | **সমাজসেবা বিভাগ**<br>সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান উপজেলা পরিষদের মূল গেটের সামনেই পানি জমে আছে। এতে গেটের প্রকৃত সৌন্দর্য্য নষ্ট হচ্ছে। তাছাড়া পরিষদের প্রধান রাস্তায় জলাবদ্ধতার কারনে উপজেলা কৃষি অফিসের বারান্দা প্রধান রাস্তার ভূমিকা পালন করায় সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। এ বিষয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ কুমারখালী জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ি পরিষদের অভ্যন্তরীন সড়ক ও সড়ক বাতি রক্ষণাবেক্ষণের বিধান নেই। এগুলো পৌরসভা কর্তৃক রক্ষণাবেক্ষণ করবেন। প্রতি বছর উপজেলা পরিষদ থেকে প্রায় তিন লক্ষ টাকা পৌর কর পরিশোধ করা হলেও কুমারখালী পৌরসভা এ ধরনের কোন উদ্যোগ গ্রহণ করেনি। সেজন্য পৌর কর পরিশোধ স্থগিত করার জন্য প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন রাস্তাটির পাশেই উপজেলা কমপ্লেক্স ভবন নির্মান করা হবে। সেজন্য পিএল অনুযায়ি রাস্তাটি উন্নয়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। উপজেলা প্রকৌশলী বলেন উপজেলা কমপ্লেক্স ভবনের জন্য দ্রুত বরাদ্দ পাওয়া যাবে। এখন সংস্কার করলে ভবন নির্মাণ করার সময় পুনরায় পিএল অনুযায়ি সংস্কার করতে হবে। উপজেলা প্রকৌশলী বলেন পুরাতন উপজেলা কমপ্লেক্স ভবন প্রায় তিন বছর পূর্বে কনডেম ঘোষনা করা হলেও বিভিন্ন সরকারি দপ্তর অফিসের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ফলে যে কোন সময় মারাত্মক দুর্ঘটনার সম্ভবনা রয়েছে। সেজন্য ঝুকিপূর্ণ ভবন ত্যাগ করার জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নতুন উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ করার পর ভবনের পিএল অনুযায়ি রাস্তাটি উন্নয়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং কনডেমকৃত ভবন থেকে জরুরি ভিত্তিতে অন্যত্র অফিস স্থানান্তর করার জন্য সংশ্লিষ্ট অফিস সমূহকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট অফিস সমূহ কুমারখালী, কুষ্টিয়া। |
| ০৯ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ কুমারখালী বলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অফিসে উপস্থিত থাকলেও সভায় অনুউপস্থিত থাকেন। উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের লক্ষে সদস্য ফরম ক্রয়ের জন্য সীমিত ফি গ্রহণ করার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | জানান ইউনিয়ন পরিষদ নির্বাচন করার জন্য চেয়ারম্যান পদের অনুকূলে এক হাজার টাকা আবেদন ফি গ্রহণ করা হয় অথচ মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের লক্ষে ফরম ক্রয়ের সময় অভিভাবক সদস্যর বিবরীতে ১০,০০০ থেকে ২০,০০০ টাকা ফি গ্রহণ করা হয়। ব্যবস্থাপনা কমিটি নির্বাচন করার জন্য যে গেজেট প্রকাশ করা হয়েছে। সেখানে আবেদন ফরম ক্রয়ের জন্য ফি গ্রহণ করার কথা থাকলেও আবেদন ফি এর পরিমান উল্লেখ নেই। | জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১০ | **উপজেলা শিক্ষা বিভাগ**<br>সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। |
| ১১ | **পল্লী উন্নয়ন বিভাগ**<br>সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া। |
| ১২ | **সমবায় বিভাগ**<br>সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান প্রাথমিক সমবায় সমিতি লি: এর ২০২০-২০২১ সনের বার্ষিক নিরীক্ষা ফি২,২৪,০৩০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ১,০৬,১৯০ টাকা ধার্য করা হয়েছে। ১০ টি আশ্রয়ণ প্রকল্পের অধবাসন কর্তৃক ঋণ প্রাপ্তি ৫৩.২০ লক্ষ, বিতরণকৃত ঋণ (ঘর্ণায়মানসহ) ১০৪.০২ লক্ষ, আদায়কৃত ঋণ (ঘর্ণায়মানসহ) ৭০.৩৯ লক্ষ টাকা, হিজলাকর-১, আশ্রয়ণ-২ প্রকল্পে ৩৮ জন সদস্যর মধ্যে ৫,৭০,০০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া। |
| ১৩ | **পরিবার পরিকল্পনা বিভাগ**<br>সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। |
| ১৪ | **ত্রাণ শাখা**<br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কুমারখালী জানান টিআর, কাবিখা প্রকল্পের ২য় পর্যায়ের প্রকল্প তালিকা চাঁদপুর ও পান্টি ইউনিয়ন পরিষদ থেকে এখন পর্যন্ত পাওয়া যায়িনি। ঈদুল ফিতর উপলক্ষে হতদরিদ্রদের মাঝে যে চাউল বিতরণ করা হয়েছে। তার মাষ্টার রোল পাওয়া যায়নি। এছাড়া প্রকল্প বাস্তবায়ন কার্যালয় থেকে ০৪ টি ব্রীজ এর দরপত্র আহবান করা হয়। ইত্যেমধ্যে ঠিকাদারদের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরের ০৪(চার) টি রাস্তার অনুকূলে মোট ৩ কি:মি: এইচ বিবি রাস্তার অনুমোদন পাওয়া গেছে। রাস্তার কাজ চলমান আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ব্রীজ নির্মাণ করার সময় নিবিড় তদারকি করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া। |
| ১৫ | **যুব উন্নয়ন বিভাগ**<br>সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুমারখালী। |
| ১৬ | **মহিলা বিষয়ক বিভাগ** | | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান এপ্রিল/২২ মাসে মাসের ভিজিডি বিতরণ সম্পাদন করা হয়েছে। প্রতিটি ইউনিয়নে ১৫৪ জন মাতৃত্বকালীন ভাতাভোগীর ভাতা প্রদান করা হচ্ছে। পৌরসভার ল্যাকটেটিং মাদার ৫৪০ জন ভাতাভোগী চলমান আছে, মাসিক ভাতার পরিমান ৮০০ টাকা। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া। |
| ১৭ | **আইসিটি বিভাগ**<br>সভায় সহকারি প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর, কুমারখালী অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহকারি প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া। |
| ১৮ | **জনস্বাস্থ্য বিভাগ**<br>সভায় উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা জানান মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প-২ সুবিধাভোগীদের জন্য টিউবয়েল স্থাপন শেষ করা হয়েছে। গত বছরের বরাদ্দকৃত টিউবয়েল স্থাপন কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। বাকী টিউবয়েল জুন/২২ মাসের মধ্যে স্থাপন সম্পূর্ণ করা হবে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া। |
| ১৯ | **বন বিভাগ**<br>সভায় উপজেলা বন কর্মকর্তা জানান সো-মিল ও ফানির্চার দোকান করার জন্য বন বিভাগের লাইসেন্স বাধ্যতামূলক। অচিরেই এই সমস্ত প্রতিষ্ঠানে অভিযান পরিচালনা করা হবে। অভিযান পরিচালনার সময় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সো-মিল ও ফানির্চার দোকানে অভিযান পরিচালনা করার সময় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা ও চেয়ারম্যান, ইউনিয়ণ পরিষদ (সকল), কুমারখালী, কুষ্টিয়া। |
| ২০ | **আনসার ভিডিপি**<br>সভায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান ১৬ মে উপজেলা আনসার সমাবেশ করা হয়েছে। আনসার বিভাগের নতুন একটি প্রশিক্ষণ কার্যক্রম চালুর পর গত মাসে ৩ জনকে প্রশিক্ষণের জন্য কুষ্টিয়া প্রেরণ করা হয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। |
| ২১ | **আবাসিক প্রকৌশলী**<br>সভায় আবাসিক প্রকৌশলী কুমারখালী অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক প্রকৌশলী কুমারখালী, কুষ্টিয়া। |
| ২২ | **পল্লী বিদ্যুৎ বিভাগ**<br>সভায় এজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী জানান গত রমজান মাসে গ্যাস সংকটের কারনে মাঝে মধ্যে বিদ্যুৎ বিভ্রাট হয়েছে। জুন/২২ মাসের মধ্যে যাদের ২ মাসের বিদ্যুৎ বিল বকেয়া আছে। তাদের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে। উপজেলা নির্বাহী অফিসার বলেন ২৫শে বৈশাখ শিলাইদহ রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠি বাড়িতে অনুষ্ঠান চলাকালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২৫শে বৈশাখ শিলাইদহ রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠি বাড়িতে অনুষ্ঠান চলাকালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী, কুষ্টিয়া। |
| ২৩ | **সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প**<br>সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সমন্বয়কারী কুমারখালী জানান ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট উদ্বোধন করা হয়েছে এবং নন্দলালপুর ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট উদ্বোধনের অপেক্ষায় আছে। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর জন্য সেন্ট্রাল অক্সিজেন প্লান্ট নির্মাণ শেষ হয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ সেন্ট্রাল অক্সিজেন প্লান্টটি দক্ষ টেকনিক্যাল দিয়ে পুংখানুপংখ ভাবে পরীক্ষার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলীকে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং উপজেলা প্রকৌশলীকে কুমারখালী, কুষ্টিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার বলেন দক্ষ টেকনিক্যাল দ্বারা অক্সিজেন প্লান্ট পরীক্ষা করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | অনুরোধ করা হয়। | |
| ২৪ | **খাদ্য বিভাগ**<br>সভায় উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য গুদাম কর্মকর্তা জানান, নিয়মিত ভাবে বাজার মনিটরিং করা হয়। গত মাসের বাজার দর ধান মোটা-২৬-২৭ টাকা, গম দেশি ৩০-৩২ টাকা, চাউল মোটা- ৪৩-৪৪ টাকা, চাউল চিকন ৬০-৬২ টাকা, আটা-৪০-৪২ টাকা, চিনি-৬৮-৭০ টাকা, সয়াবিন তৈল ১৮৫-১৯০ টাকা। পূর্বে বাজার দর থেকে সামান্য দর বৃদ্ধি পেয়েছে। এছাড়া অন্যান্য দ্রব্যর বাজার চলতি মাসে একই পর্যায়ে রয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা খাদ্য কর্মকর্তা, কুমারখালী কুষ্টিয়া |
| ২৫ | **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>সভায় ব্যবস্থাপক ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী জানান পৌরসভার মধ্যে কোন ধরনের সমিতি করার বিধান না নেই । সেজন্য পৌরসভার মধ্যে কোন প্রকার ঋণ প্রদান করা সম্ভব না। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী, কুষ্টিয়া |
| ২৬ | **তথ্যসেবা কর্মকর্তা**<br>সভায় তথ্যসেবা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) কুমারখালী জানান তথ্য সেবা কেন্দ্রে সেবা গ্রহিতার লক্ষ্য মাত্রা ছিল ২০,০০০/- জন। এ পর্যন্ত ১৯,০০০ জনকে তথ্য সেবা প্রদান করা হয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় | তথ্যসেবা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া। |

২৭। **মুজিব শতবর্ষে গৃহ নির্মাণের জন্য উপকারভোগী নির্বাচন সংক্রান্ত :**

সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৪ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ নং স্মারক পত্রে মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের জন্য কুমারখালী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০২(দুই) টি গৃহ নির্মাণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে দুইজন উপকারভোগী নির্বাচন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মো: জাহিদুল শেখ, পিতা- মো: সেকেন শেখ,সাং-মহেন্দ্রপুর, ডাকঘর বানিয়াকান্দি, উপজেলা-কুমারখালী, জেলা-কুষ্টিয়া ও শ্রী সুশান্ত কুমার বিশ্বাস, পিতা- নিশিকান্ত সরকার, সাং- দুর্গাপুর, ডাকঘর+উপজেলা-কুমারখালী, জেলা-কুষ্টিয়ার অনুকূলে গৃহ নির্মাণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

২৮। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিম্নোক্ত ব্যয়/ ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয় :

| | | |
|---|---|---|
| ১। | আপ্যায়ন ব্যয়- | |
| ২। | আনুষঙ্গিক ব্যয়- | ২৯,৭৬৫/- |
| ৩। | উপজেলা মে/২২ মাসের ইন্টারনেট বিল বাবদ | ৫,০০০/- |
| ৪। | কুষ্টিয়া ঘ-১১-০০২৯ নং গাড়ির মে/২২ মাসের জ্বালানী তৈল বিল বাবদ- | ১,৫০০/- |
| ৫। | কুষ্টিয়া ঘ-১১-০০২৯ নং গাড়ি মেরামত বিল বাবদ জহিরুল ইসলাম ঝন্টু | ২২,২৫৩/- |
| ৬। | পানির পাম্প মেশিনের মার্চ ও এপ্রিল/২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ | ৪৯,৮০০/- |
| ৭। | উপজেলা পরিষদ কার্যালয়ের মার্চ ও এপ্রিল/২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ | ২১,৬৩৮/- |
| | | ১৭,১৫২ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/০৬/২২

মোঃ আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং-৪৬.৪৬.৫০৭১.০১৪.০০.০০৩.২২-৩৮

তারিখ : ০৮ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২২ জুন, ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

১। জনাব সেলিম আলতাফ জর্জ, মাননীয় সংসদ সদস্য, ৭৮কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী কুষ্টিয়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৭। উপজেলা ........................................ অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৮। চেয়ারম্যান........................................ইউপি, কুমারখালী, কুষ্টিয়া।
৯। অফিস কপি।

22.6.22

বিতান কুমার মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

# ০৯ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৯ তম সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা

"পরিশিষ্ট- ক

## ZOOM সভা

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১। | মোঃ সাইদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ০২। | ডাঃ মোঃ নাফিস শাহরিয়ার, আবাসিক মেডিক্যাল অফিসার, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ০৩। | মেরিনা আক্তার মিনা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী। | স্বাক্ষরিত |
| ০৪। | ডাঃ মোঃ নুরে আলম সিদ্দিকী, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ০৫। | দেবাশীষ কুমার দাস, উপজেলা কৃষি অফিসার, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ০৬। | মোঃ মাহামুদুল হাসান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কার্যালয় কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ০৭। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, কুমারখালী থানা, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ০৮। | মোঃ আব্দুর রহিম, উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ০৯। | জিয়াউর রহমান, চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১০। | মোহাম্মদ আলী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১১। | মেয়র কুমারখালী পৌরসভার, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১২। | মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৩। | মোঃ মেছের আলী খাঁ, চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৪। | গাজী হাসান তারেক বিপ্লব, চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৫। | আব্দুল্লাহ আল বাকী, চেয়ারম্যান, জগন্নাথপুর, ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৬। | মোঃ মিজানুর রহমান, চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৭। | মোঃ সাইফুল আলম, উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া | স্বাক্ষরিত |
| ১৮। | মোঃ মাহামুদুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৯। | ফেরদৌস নাজনীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২০। | এনামূল হক মঞ্জু, চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৮। | মোঃ আজিজুল হক, চেয়ারম্যান, বাগুলাট ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ১৯। | মোঃ এরশাদ আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২০। | মোঃ সাইদ হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা,কুমারখালী,কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২১। | উপজেলা বন বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২২। | মোঃ মিনহাজুল আবেদীন দ্বীপ,চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২৩। | মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২৪। | মোঃ রাশিদুজ্জামান, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২৫। | মোঃ সেলিম আহমেদ, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২৬। | জোতি রায়, এজিএম পল্লী বিদ্যুৎ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২৭। | বিপ্লব কুমার সাহা, সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২৮। | মোঃ আলী হোসেন, চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ২৯। | মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী। | স্বাক্ষরিত |
| ৩০। | মোঃ আলামিন মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী | স্বাক্ষরিত |
| ৩১। | হামিদা পারভীন, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ভাঃ, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ৩২। | আজমেরী আফরোজ,(ভারপ্রাপ্ত) তথ্য সেবা কর্মকর্তা,কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ৩৩। | মোঃ আব্দুল মোত্তালেব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ৩৪। | আব্দুল হালিম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |
| ৩৫। | মোঃ ইশতিয়াক শাহরিয়ার, সহকারি প্রোগ্রামার, কুমারখালী, কুষ্টিয়া। | স্বাক্ষরিত |

**অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা**

| | | |
|---|---|---|
| ০১। | মোঃ মনিরুজ্জামান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া। | |
| ০২। | আব্দুর রশিদ, আবাসিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া। | |
| ০৩। | মোছাঃ ময়না খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | |
| ০৪। | মোছাঃ মঞ্জুয়ারা খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | |
| ০৫। | মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, কুষ্টিয়া। | |
| ০৬। | মোঃ পারভীন খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া। | |